

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ১. পানি - সাগর বা সমুদ্রের পানি পবিত্র

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ فِي الْبَحْرِ: «هُوَ الطَّهُورُ مَاوُّهُ الْحِلُّ مَيْتَتُهُ». أَخْرَجَهُ الْأَرْبَعَةُ, وَابْنُ أَبِي شَيْبَةَ وَاللَّفْظُ لَهُ, وَصَحَّحَهُ ابْنُ خُزَيْمَةَ وَاللَّفْظُ لَهُ,

صحيح. رواه أبو داود (83)، والنسائي (1/ 50 و 176 و 707)، والترمذي (69)، وابن ماجه (386) وابن أبي شيبة (131)، وابن خزيمة (111) من طريق صفوان بن سليم، عن سعيد بن سلمة من آل بني الأزرق، عن المغيرة بن أبي بردة _ وهو من بني عبد الدار_ أنه سمع أبي هريرة يقول: جاء رجل إلى رسول الله صلى الله عليه وسلم، فقال: يا رسول الله! إنا نركب البحر، ونحمل معنا القليل من الماء، فإن توضأنا به عطشنا، أفنتوضا به؟ فقال صلى الله عليه وسلم: فذكره. وقال الترمذي: «حسن صحيح». قلت: وهذا إسناد صحيح، وقد أعله بعضهم بما لا يقدح، كما أن للحديث شواهد، وتفصيل ذلك في الأصل

বাংলা

১। আবূ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, সমুদ্রের পানি পবিত্র এবং তার মৃত প্রাণী হালাল।

চারজন এ হাদীস বর্ণনা করেছেন। শব্দ বিন্যাস আবূ শাইবার, ইবনু খুযাইমাহ ও তিরমিয়ী হাদীসটিকে সহীহ বলেছেন। ইমাম মালিক, শাফি'ঈ ও আহমাদ বিন হাম্বালও এটি বর্ণনা করেছেন।[1]



English

Narrated Abu Huraira:

Allah's Messenger (ﷺ) said regarding the sea, "It's water is purifying and its dead (animals) are lawful (to eat)." [Al- Arba'a and Ibn Abu Shaiba reported it (this version is of the latter). Ibn Khuzaima and Tirmidhi graded it Sahih. It was also reported by Malik, Shafi'i and Ahmad.]

ফুটনোট

[1] আবু দাউদ ৮৩, নাসায়ী ১/৫০, ১৭৬, ৭০৭, তিরমিয়ী ৬৯, ইবনু মাযাহ ৩৮৬, ইবনু আবী শায়বাহ ১৩১, ইবনু খুয়াইমাহ ১১১। সফওয়ান বিন সুলাইম সূত্রে; তিনি আলে বানী আযরাকে এর সাঈদ বিন সালামাহ (রাঃ) থেকে, তিনি বানী আব্দুদ দার এর মুগীরাহ বিন আবু বুরদাহ থেকে বর্ণনা করেন। তিনি আবু হুরায়রাহ (রাঃ) কে বলতে শুনেছেন, এক ব্যক্তি রাসূল্প্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল, হে আল্লাহর রাসূল! আমরা সমুদ্রে বিচরণ করি, আর আমাদের সাথে অল্প পরিমাণ পানি নিয়ে যাই, ফলে আমরা যদি এই পানি দিয়ে অযু করি তাহলে আমাদের খাবার পানির পিপাসায় ভোগার আশংকা রয়েছে। সুতরাং আমরা কি সমুদ্রের পানি দিয়ে অযু করতে পারি? অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ উক্তি করেন। ইমাম তিরমিয়ী হাদীসটিকে হাসান সহীহ বলেছেন। মুহাক্কিক সুমাইর আয-যুহাইরি বুলুগুল মারামের ব্যাখ্যা গ্রন্থে বলেন, এই সনদ সহীহ। কেউ আবার এতে ক্রটি আছে বলে মন্তব্য করলেও তাতে কোন ক্ষতি নেই, কেননা হাদীসটির কয়েকটি শাহেদ (সমর্থক) হাদীস রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন